# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অন্যান্য কিছু বানোয়াট হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ধুমপানের মহাপাপ

প্রচলিত একটি পত্রিকা[1] থেকে জানা যায়, আমাদের দেশের কোনো কোনো এলাকায় ধুমপানের বিরুদ্ধে দুটি বানোয়াট হাদীস প্রচার করা হয়:

مَنْ شَرِبَ الدُّخَانَ فَكَأَنَّمَا شَرِبَ دَمَ الأَنْبِيَاءِ

“যে ব্যক্তি ধুমপান করল সে যেন নবীগণের রক্ত পান করল।”

مَنْ شَرِبَ الدُّخَانَ فَكَأَنَّمَا زَنَى بِأُمِّهِ فِيْ الْكَعْبَةِ

“যে ব্যক্তি ধুমপান করল, সে যেন কাবাঘরের মধ্যে তার মায়ের সাথে ব্যভিচার করল।”

এ প্রকারের জঘন্য নোংরা ও ফালতু কথা কেউ হাদীস হিসেবে বলতে পারে বলে বিশ্বাস করা কষ্ট। সর্বাবস্থায় এগুলো মিথ্যা ও বানোয়াট কথা।

## ফুটনোট

[1] আঞ্জুমানে আহমাদিয়া রাহমানিয়া সুন্নিয়া, চট্টগ্রাম, মাসিক তরজুমান, ২৫ বর্ষ, ৪র্থ সংখ্যা, মে-জুন ২০০৫, পৃ. ৫৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5052

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন